গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৯২.০০১.২২-২৬৭

তারিখ : ১৬ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
০১ ডিসেম্বর, ২০২২খ্রিস্টাব্দ

# অনুদানের বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের **যুবকল্যাণ তহবিল** থেকে যুব সংগঠনসমূহকে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে চলতি **২০২২-২০২৩** অর্থবছরের জন্য অনুদান প্রদানের নিমিত্ত নিম্নোক্ত নীতিমালা/শর্তাবলী অনুযায়ী অনলাইনের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

১. আবেদনকারী যুব সংগঠনকে আবশ্যিকভাবে (Mandatory) দেশের বিদ্যমান আইন অনুযায়ী রেজিস্ট্রেশন/নিবন্ধনভুক্ত হতে হবে।

২. যুবকল্যাণ তহবিল হতে প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তরের স্বীকৃতিপ্রাপ্ত/নিবন্ধিত যুব সংগঠনকে অগ্রাধিকার দেয়া হবে।

৩. উপানুষ্ঠানিক শিক্ষা, ধাত্রীবিদ্যা, ঋণ কর্মসূচি ইত্যাদি সম্পর্কিত কার্যক্রম অনুদান প্রদানের ক্ষেত্রে বিবেচনা করা হবে না।

৪. প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নের জন্য সম্ভাব্য মোট ব্যয়ের কমপক্ষে শতকরা ১০ (দশ) ভাগ অর্থ সংগঠনের নিজস্ব তহবিল থেকে বহন করতে হবে।

৫. নির্বাচিত সংগঠনের প্রকল্প/কর্মসূচির গুণাগুণ (Merit) বিবেচনা করে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা পর্যন্ত অনুদান প্রদান করা হবে।

৬. তৃতীয়লিঙ্গ/বিশেষ চাহিদাসম্পন্নদের দ্বারা পরিচালিত যুব সংগঠনকে অনুদান প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

৭. আবেদনপত্রের নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণপূর্বক দাখিলকৃত তথ্যাদির সমর্থনে প্রমাণক আপলোড করতে হবে।

৮. গত তিন অর্থবছরে **(২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২)** যেসব যুব সংগঠন অনুদান পেয়েছে তাদের আবেদন যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

৯. দুর্গম/পশ্চাৎপদ এবং দারিদ্র্য মানচিত্র (Poverty Map) অনুযায়ী দারিদ্র্যপীড়িত এলাকার আবেদনকারী যুব সংগঠনকে সকল শর্ত পূরণ সাপেক্ষে অনুদান প্রদানে অগ্রাধিকার দেয়া হবে।

১০. আবেদনকারী যুব সংগঠন রাষ্ট্র বা সমাজ বিরোধী কার্যক্রমের সাথে সম্পৃক্ত নয় মর্মে যাচাই বাছাই ফরমের নির্ধারিত স্থানে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/থানা যুব উন্নয়ন কর্মকর্তার প্রত্যয়ন থাকতে হবে।

১১. অনলাইন আবেদন ফরমের নির্ধারিত স্থানে- (ক) যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় সংগঠনের প্রশিক্ষণপ্রাপ্ত সদস্যদের বিবরণ (বয়স ১৮-৩৫ বছর), (খ) বাস্তবায়িত কার্যক্রম/কর্মসূচির আওতায় আত্মকর্মসংস্থান (গ) প্রশিক্ষণ, ঋণ, অনুদান কিংবা আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে দারিদ্র্য বিমোচনে সুযোগ সৃষ্টির তথ্য (ঘ) উদ্যোক্তা তৈরি সম্পর্কিত চাহিত তথ্যাদি।

১২. যুব সংগঠনের কার্যক্রম যেমন (১) সামাজিক সচেতনতামূলক কার্যক্রম (যেমন-বাল্য বিবাহ প্রতিরোধ, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা, পরিস্কার পরিচ্ছন্নতা, যৌতুক বিরোধী কার্যক্রম, মাদক বিরোধী কার্যক্রম, জঙ্গি বিরোধী, মশক নিধন কার্যক্রম ) (২) যুবদের মূল্যবোধের উৎকর্ষ সাধন সম্পর্কিত কার্যক্রম (যেমন-স্বেচ্ছায় রক্তদান, পাঠাগার পরিচালনা, হতদরিদ্রদের সহায়তা ও শীতবস্ত্র বিতরণ, যুবদের নেতৃত্ব বিকাশ সাধন, বিশেষ চাহিদা সম্পন্নদের স্বাস্থ্য সেবা প্রদান, গর্ভবর্তী মহিলাদের স্বাস্থ্যসেবা প্রদান, মৃত ব্যক্তিদের সৎকারের ব্যবস্থা করা) (৩) স্বেচ্ছাসেবী কার্যসম্পাদন ( যেমন-বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন, নিরক্ষতা দূরীকরণ, প্রশিক্ষণ ও শিক্ষা, স্যানিটেশন কার্যক্রম ) (৪) সামাজিক ক্ষেত্রে বিশেষ অবদান (যেমন- যুব উন্নয়ন ও কর্মসংস্থানে অবদান, শিক্ষা, বিজ্ঞান, তথ্য প্রযুক্তি, কারিগরির ক্ষেত্রে অবদান, দেশ প্রেম, বীরত্ব ও সাহসিকতার ক্ষেত্রে অবদান, (৫) জ্যেষ্ঠদের প্রতি আদর্শ সেবা, সমাজকল্যাণে অবদান, সংস্কৃতিতে উল্লেখযোগ্য অবদান বিবেচনায়)

**{ প্রতিটি কার্যক্রমের প্রমাণক হিসেবে জেলা/উপজেলা প্রশাসনের কর্মকর্তা অথবা স্থানীয় জনপ্রতিনিধির উপস্থিতির ছবি (ক্যাপশনসহ) সংযুক্ত করতে হবে }**

১৩. উপজেলা পর্যায়ে যুব সংগঠন কর্তৃক অনলাইন আবেদন দাখিল করার পর অধিকতর স্বচ্ছতার লক্ষ্যে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/মেট্রোপলিটন ইউনিট থানা কর্মকর্তা কর্তৃক ব্যাংক স্টেটমেন্ট, নিবন্ধন সনদ ও চাহিত অন্যান্য তথ্যাদির যাচাই-বাছাইয়ের প্রত্যয়ন থাকতে হবে।

১৪. নীতিমালার শর্তাদি বহির্ভূত প্রকল্প/প্রস্তাবনা অনুদানের যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

১৫. যুব সংগঠনসমূহকে অনুদান প্রদান সংক্রান্ত সকল কার্যক্রম যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইট ( **www.moysports.gov.bd** ) এর **অভ্যন্তরীণ ই-সেবার** আওতাভুক্ত **যুবকল্যাণ তহবিল অনলাইন অনুদান** লিংক অথবা সরাসরি http://**103.48.18.205/Grants/** ব্রাউজ করে নির্ধারিত অনলাইন আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক তৎসঙ্গে ফিল্ডওয়ারি (অনুচ্ছেদভিত্তিক) চাহিত তথ্যাদি PDF আকারে আপলোড (Upload) করে **আগামী ১৫ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ ( ০১ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ )** তারিখের মধ্যে দাখিল করতে হবে। **নির্ধারিত তারিখের পর অনলাইন আবেদন দাখিল কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।**

৩। উল্লেখ্য, অনলাইন আবেদন দাখিলের পদ্ধতিসমূহ অনুসরণ করার জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তির নিম্নে দৃশ্যমান রাখা হয়েছে।

০৭/১২/২০২২
ডা. মো: জহিরুল ইসলাম
উপসচিব
ফোন : ৯৫১৩৩০৯

**<u>অনলাইন আবেদন দাখিলের অনুসরণীয় পদ্ধতিসমূহ ( যুব সংগঠনের জন্য ) :</u>**

১. প্রথমে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইট **( www.moysports.gov.bd )** ওপেন করুন এবং ডান পার্শ্বে অভ্যন্তরীণ ই-সেবার আওতাভুক্ত **যুবকল্যাণ তহবিল অনলাইন অনুদান**–এ ক্লিক করুন অথবা ওয়েবসাইটে সরাসরি **http://103.48.18.205/Grants/** ব্রাউজ করুন।

২. ২০২২-২০২৩ অর্থবছরের জন্য **অনুদানের বিজ্ঞপ্তি** প্রদর্শিত হবে।

৩. বিজ্ঞপ্তির উপরের বাম কর্ণারে **অনুদানের আবেদন ফরম** –এ ক্লিক করুন।

৪. ফরম পূরণের ক্ষেত্রে কিছু নির্দেশনা দেখা যাবে। অন-লাইন আবেদন ফরমের ফিল্ডসমূহ যথাযথভাবে পূরণের জন্য <u>চোখ</u> চিহ্নিত বাটনে ক্লিক করুন এবং এক প্রস্থ আবেদন ফরম প্রিন্ট করে চাহিত/সংযুক্তির জন্য সকল তথ্যাদি/পেপার প্রস্তুত রাখুন। অতঃপর **এখন নয়** বাটনে ক্লিক করে বের হয়ে আসতে হবে।

৫. সংযুক্তির জন্য সকল তথ্যাদি প্রস্তুত হলে একইভাবে ওপেন করুন এবং সবুজ লেখা **আবেদন ফরম** – এ ক্লিক করুন।

৬. সতর্কতার সাথে সকল ফিল্ডগুলো পূরণ করুন এবং **ইংরেজিতে ক্যাপচা** দিয়ে **দেখুন** বাটনে ক্লিক করুন।

৭. **প্রিন্ট** বাটনের উপর ক্লিক করে প্রয়োজনীয় সংখ্যক পূরণকৃত আবেদন প্রিন্ট করে সংরক্ষণ করুন ।

৮. যে সকল ফিল্ড ইংরেজিতে পুরণের জন্য বলা হয়েছে তা অবশ্যই ইংরেজিতে পূরণ করুন।

৯. পরবর্তী ধাপে যাবার পূর্বে পুরণকৃত আবেদনের কোন অংশ সংশোধন/পরিবর্ধন/পরিমার্জন করতে হলে **এডিট** বাটনে ক্লিক করুন এবং চাহিদা মোতাবেক সংশোধন/পরিবর্ধন/পরিমার্জন করুন এবং পুনরায় **ইংরেজিতে ক্যাপচা** দিন এবং প্রস্তুতকৃত সংযুক্তিসমূহ আপলোড করার জন্য **পরবর্তী ধাপ** বাটনে ক্লিক করুন ।

১০. সংযুক্তিসমূহ আপলোড করার জন্য প্রদর্শিত নির্দেশনাসমূহ ভালভাবে দেখুন।

১১. সংযুক্তিসমূহ **PDF** আকারে স্ক্যান করে সিরিয়াল অনুযায়ী **আপলোড (Upload)** করুন এবং প্রতিটি সংযুক্তির আপলোড হওয়ার সাথে সাথে ডান পার্শ্বে **OK** লেখা দেখা যাবে এবং **চোখ** চিহ্নিত বাটনে ক্লিক করে দেখে নিন আপলোডটি সঠিক হয়েছে কিনা ।

১২. যথাযথভাবে আপলোড না হয়ে থাকলে পুনরায় আপলোড **(Upload)** করুন এবং সাথে সাথে পূর্বের আপলোড বাতিল হয়ে যাবে।

১৩. চাহিত সকল সংযুক্তি আপলোড করার পর নির্ধারিত স্থানে **টিক(√)** চিহ্ন দিন এবং **দাখিল করুন** বাটনের উপর ক্লিক করুন।

১৪. আবেদনপত্র দাখিল হবার প্রমানস্বরূপ ট্র্যাকিং নম্বরসহ প্রদর্শিত সনদপত্র প্রিন্ট করে সংরক্ষণ করুন।

১৫. উল্লেখ্য, **অন-লাইন আবেদন দাখিল করার পর পরবর্তীতে পরিবর্তন/পরিমার্জন করার কোনরুপ সুযোগ নেই বা দ্বিতীয়বার আবেদন করারও কোন সুযোগ নেই।**

১৬. ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT)-এর মাধ্যমে অনুদানের অর্থ সংগঠনের সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে স্থানান্তর করার সম্ভবনা রয়েছে। তাই অন্যান্য তথ্যাদির পাশাপাশি সংগঠনের সঠিক ব্যাংক **হিসাব নম্বর (Account Number)** এবং **রাউটিং নম্বর (Routing Number)** ব্যাংক থেকে জেনে অনলাইন আবেদন ফরমের নির্ধারিত স্থানে সঠিকভাবে লিপিবদ্ধ করার জন্য অনুরোধ করা হলো।


=====0=====

# সাইটে প্রবেশ এবং অনলাইন আবেদন দাখিল করার নিয়মঃ

প্রথমে https://moysports.gov.bd/এই লিংকে ক্লিক করলে নিচের পেজটি ওপেন হবে।





এখানে ক্লিক করলে নিচের পেজটি ওপেন হবে এবং বিজ্ঞপ্তি দেখা যাবে।




এখানে ক্লিক করলে ফরম প্রাপ্তির নির্দেশনা সহ নিচের পেজটি ওপেন হবে।

এখানে ক্লিক করলে আবেদন ফরমের নমুনা কপি দেখা বা প্রিন্ট করা যাবে।

## অনলাইন আবেদন ফরমঃ




- ➢ আবেদন ফরমের প্রথমেই উপরের পেজটি প্রদর্শিত হবে। নির্দেশনা পড়ে এখানে ক্লিক করলে মুল ফরম ওপেন হবে।

ট্র্যাকিং নং দিয়ে আবেদনের অবস্থা জানা যাবে

ট্র্যাকিং নম্বর দিন | আবেদনের অবস্থা জানুন

নির্দেশনা | হোম

# ২০১৮-২০১৯ অর্থবছরে যুবকল্যাণ তহবিল হতে যুবসংগঠন কর্তৃক অনুদান প্রাপ্তির আবেদনপত্র

পুনরায় নির্দেশনা দেখার জন্য

*১। স্বেচ্ছাসেবী যুবসংগঠনের নাম (নিবন্ধন সনদ অনুযায়ী): একতা যুবকল্যাণ সংঘ

*২। ঠিকানাঃ ◉ জেলা ○ মেট্রোপলিটন

| | | | |
|---|---|---|---|
| গ্রাম/মহল্লা: | কারিগর পাড়া | ওয়ার্ড নং: | ০৮ |
| ডাকঘর: | চৌগাছা | ইউনিয়ন: | চৌগাছা |
| জেলা : | যশোর | উপজেলা: | চৌগাছা |
| মোবাইল নম্বর: | 01750430795 | ই-মেইল: | shameem827@gmail.com |
| ওয়েবসাইট ঠিকানা (যদি থাকে): | ওয়েবসাইট ঠিকানা | | |

*৩। সংগঠন প্রতিষ্ঠার সন: ২০০২

*৪। সংগঠনের নিবন্ধন সম্পর্কিত তথ্যঃ

(ক) নিবন্ধনকারী প্রতিষ্ঠানের নাম: সমাজসেবা অধিদপ্তর

-নিবন্ধন/রেজিস্ট্রেশন নম্বর: সসে৬৭৫/৮৮৭ তারিখ: ৫ মার্চ ২০০

(খ) যুব উন্নয়ন অধিদপ্তরের স্বীকৃতি নম্বর (যদি থাকে) : যুউ৭৬৮৫/৮৯৭ তারিখ: ১০ জুন ২০০

(গ) সংগঠনের শ্রেণি : সাধারণ

*৫। কর্মক্ষেত্রের এলাকা: ○ দেশব্যাপী ◉ জেলা/মেট্রোপলিটনব্যাপী ○ উপজেলা/ইউনিটব্যাপী ○ গ্রাম/ওয়ার্ডভিত্তিক

*৬। যুবসংগঠনের ব্যাংক একাউন্ট সম্পর্কিত তথ্যাদি :

ইংরেজীতে লিখতে হবে

ব্যাংক একাউন্ট নম্বর ( সকল ডিজিটসহ ) : 1604326758453

ব্যাংক রাউটিং নম্বর ( সকল ডিজিটসহ ) : 65783

ব্যাংকের নাম,শাখা ও ঠিকানা : ইসলামী ব্যাংক, চৌগাছা শাখা, যশোর

বর্তমান জমা/স্থিতি ( বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের পরে সংগৃহীত ব্যাংক স্টেটমেন্ট অনুযায়ী ): 5000

ইংরেজীতে লিখতে হবে

*৭। যুবসংগঠন কর্তৃক এ পর্যন্ত যেসব প্রকল্পসমূহ বাস্তবায়ন করা হয়েছে তার বিবরণঃ

(ক) বাস্তবায়িত প্রকল্পসমূহের নাম ও প্রকল্পওয়ারি মোট ব্যয়ঃ

যেমন - প্রকল্পের নাম = ব্যয়( যদি থাকে )

সেলাই প্রকল্প

০৫ অথবা আধিক

(খ) বাস্তবায়িত প্রকল্পসমুহের কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ
(গ) প্রকল্পওয়ারী তহবিলের উৎস
(ঘ) খাতওয়ারী খরচের বিস্তারিত বিবরণ
(ঙ) প্রকল্পসমূহ থেকে প্রাপ্ত অর্থ (যদি থাকে) কিভাবে ব্যয় করা হয়েছে (বিস্তারিত বিবরণসহ)

☑ সংযুক্তি

(আপনি চাইলে অনধিক ৩ পাতার সংযুক্তি আকারে দিতে পারেন অথবা নিচের ঘরে (খ) (গ) (ঘ) (ঙ) এর চাহিত তথ্যাদি লিখুন)

সংযুক্তি পরবর্তী ধাপে আপলোড করুন।

# আবেদনপত্রের বাকি অংশ

## *৮। যে প্রকল্পের জন্য অনুদান প্রয়োজন তার বিবরণ :

(ক) প্রকল্পের নামঃ

প্রকল্পের নাম

(খ) প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ

প্রকল্পের প্রাক্কলিত ব্যয়

(গ) প্রকল্পের প্রার্থীত অনুদানের পরিমাণঃ

প্রকল্পের প্রার্থীত অনুদানের পরিমাণ

(ঘ) প্রকল্পের কার্যক্রমের বিবরণ
(ঙ) তহবিলের উৎসসমূহ
(চ) প্রকল্পের খরচের খাতওয়ারী সম্ভাব্য ব্যয় বিভাজন (বাজেট বিভাজনসহ)
(ছ) প্রকল্প হতে প্রত্যাশিত বার্ষিক আয়ের পরিমাণ এবং উক্ত আয় ভবিষ্যতে কিভাবে ব্যয় করা হবে

☐ সংযুক্তি

(আপনি চাইলে অনধিক ৩ পাতার সংযুক্তি আকারে দিতে পারেন অথবা নিচের ঘরে (ঘ) (ঙ) (চ) (ছ) এর চাহিত তথ্যাদি লিখুন)

(ঘ) প্রকল্পের কার্যক্রমের বিবরণ
(ঙ) প্রকল্পের তহবিলের উৎসসমূহ
(চ) প্রকল্পের খরচের খাতওয়ারী সম্ভাব্য ব্যয় বিভাজন (বাজেট বিভাজনসহ)
(ছ) প্রস্তাবিত প্রকল্প হতে প্রত্যাশিত বার্ষিক আয়ের পরিমাণ এবং উক্ত আয় ভবিষ্যতে কিভাবে ব্যয় করা হবে

## *৯। প্রকল্প বাস্তবায়নকারী কমিটির সদস্য সংখ্যা :

(ক) সদস্য সংখ্যাঃ

সদস্য সংখ্যা

(খ) সদস্যদের নামের তালিকাঃ

সদস্যদের নামের তালিকা

## *১০। যুবকল্যাণ তহবিলসহ যেসব প্রতিষ্ঠাণ/সংস্থা হতে অনুদান পাওয়া গিয়েছে তার বিস্তারিত বিবরণ (সংস্থা ও সনওয়ারী সকল তথ্যসহ):

(ক) যুবকল্যাণ তহবিল থেকে সর্বশেষ প্রাপ্ত অনুদানঃ

যেমন - অর্থবছর = অনুদানের পরিমাণ

অর্থবছর = অনুদানের পরিমাণ

(খ) অন্যান্য প্রতিষ্ঠাণ/সংস্থা থেকে প্রাপ্ত অনুদানঃ

যেমন - সংস্থার নামঃ অর্থবছর = অনুদানের পরিমাণ

সংস্থার নামঃ অর্থবছর = অনুদানের পরিমাণ

## *১১। কোন সংস্থা/প্রতিষ্ঠান হতে ঋণ/ যুবঋণ গ্রহণ করা হয়েছে কিনা তার বিস্তারিত বিবরণ (সংস্থা ও সনওয়ারী সকল তথ্যসহ):

(ক) যুবঋণঃ

যেমন - সাল = ঋণের পরিমাণ

সাল = ঋণের পরিমাণ

(খ) অন্যান্য সংস্থা/প্রতিষ্ঠান হতে প্রাপ্ত ঋণঃ

যেমন - সংস্থার নামঃ সাল = ঋণের পরিমাণ

সংস্থার নামঃ সাল = ঋণের পরিমাণ

## * ১২। সংগঠনের আওতায় ১৮-৩৫ বছরের সদস্যবৃন্দ যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ প্রাপ্ত কিনা, হয়ে থাকলে তার বিবরণ (ট্রেড অনুযায়ী প্রশিক্ষনার্থীদের নামের তালিকাসহ):

(ক) ১৮-৩৫ বছরের প্রশিক্ষণপ্রাপ্ত সদস্য সংখ্যা (শুধু সংখ্যা উল্লেখ করুন / প্রশিক্ষণপ্রাপ্ত না হয়ে থাকলে প্রযোজ্য নয় লিখুন )

যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ প্রাপ্ত কতজন সদস্যের বয়স ১৮-৩৫ বছর তার সংখ্যা ইংরেজিতে লিখুন

(খ) প্রশিক্ষণপ্রাপ্ত হলে ট্রেড অনুযায়ী তাদের নামের তালিকা ছক অনুযায়ী সংযুক্ত করুন:

☐ সংযুক্তি

| প্রশিক্ষনার্থীর নাম ও বয়স | ট্রেডের নাম | সনদ নম্বর | প্রশিক্ষন সন |
|---|---|---|---|

**আবেদনপত্রের বাকি অংশ**

*** ১৩। সাধারণ সভার সিদ্ধান্তের ভিত্তিতে কার্যনির্বাহী পরিষদ/কমিটি গঠিত হলে তার বিবরণ (সদস্যের স্বাক্ষর সম্বলিত সভার কার্যবিবরণীসহ) :**

নির্বাচন করুন

*** ১৪। সংগঠন কর্তৃক- (ক) বাস্তবায়িত প্রকল্প/কর্মসূচির আওতায় আত্মকর্মসংস্থান, (খ) দারিদ্র বিমোচনে সুযোগ সৃষ্টি, (গ) উদ্যোক্তা তৈরি, (ঘ) ইনোভেশন কার্যক্রম সম্পর্কিত তথ্যাদির বিবরণ ( তথ্যাদি একটি PDF ফাইলে সংযুক্ত করুন ) :**

(ক) প্রকল্পের আওতায় আত্মকর্মসংস্থানের সংখ্যা নির্বাচন করুন

নির্বাচন করুন

(খ) সংগঠনের আওতায় দারিদ্র বিমোচনকারীর সংখ্যা নির্বাচন করুন

নির্বাচন করুন

(গ) সংগঠনের আওতায় উদ্যোক্তা তৈরির সংখ্যা নির্বাচন করুন

নির্বাচন করুন

(ঘ) সংগঠনের আওতায় ইনোভেশন কার্যক্রমের সংখ্যা নির্বাচন করুন

নির্বাচন করুন

*** ১৫। সংগঠনের সংশ্লিষ্ট নিবন্ধনকারী স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত অডিট রিপোর্ট / আয়-ব্যয়ের বিবরণী:**

নির্বাচন করুন

***১৬। সংগঠনের কার্যক্রম তথা:**

(ক) সামাজিক সচেতনতামুলক কার্যক্রম (যেমনঃ ইভটিজিং/বাল্যবিবাহ প্রতিরোধ, মশক নিধন, জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা, পরিষ্কার পরিচ্ছন্নতা, যৌতুক বিরোধী কার্যক্রম, মাদক বিরোধী কার্যক্রম ইত্যাদির বিবরণ

এখানে তথ্যাদি লিখুন

(খ) যুবদের মূল্যবোধ উৎকর্ষ সাধন কার্যক্রমের বিবরণ

এখানে তথ্যাদি লিখুন

(গ) স্বেচ্ছাসেবী কার্যসম্পাদন সম্পর্কিত বিবরণ

এখানে তথ্যাদি লিখুন

***১৭। সভাপতি/সাধারণ সম্পাদক/নির্বাহী পরিচালকের নাম ও পদবি :**    **NID নং :**

নিচের ক্যাপচা কোডটি সঠিকভাবে টাইপ করুন।

44784

Type the above number:

দেখুন

এখানে ইংরেজিতে সঠিক ক্যাপচা কোড দিতে হবে

এখানে ক্লিক করলে নিচের পেজের মতো Preview দেখা যাবে

**Preview পেজ**

ট্র্যাকিং নম্বর দিন | আবেদনের অবস্থা জানুন

## ২০১৮-২০১৯ অর্থবছরে যুবকল্যাণ তহবিল হতে যুবসংগঠন কর্তৃক অনুদান প্রাপ্তির আবেদনপত্র

১। স্বেচ্ছাসেবী যুবসংগঠনের নাম (নিবন্ধন সনদ অনুযায়ী): একতা যুবকল্যাণ সংঘ

২। ঠিকানাঃ

| | | | |
|---|---|---|---|
| গ্রাম/শহর/মহল্লা: | কারিগর পাড়া | ওয়ার্ড নংঃ | ০৮ |
| ডাকঘর: | চৌগাছা | ইউনিয়ন: | চৌগাছা |
| উপজেলা: | চৌগাছা | জেলা: | যশোর |
| টেলিফোন/মোবাইল নম্বর: | 01750430795 | ই-মেইল: | shameem827@gmail.com |
| ওয়েবসাইট ঠিকানা: | | | |

৩। সংগঠন প্রতিষ্ঠার সন: ২০০২

৪। সংগঠনের নিবন্ধন সম্পর্কিত তথ্যঃ

(ক) নিবন্ধন প্রতিষ্ঠানের নাম: সমাজসেবা অধিদপ্তর

নিবন্ধন/রেজিস্ট্রেশন নম্বর: সসে৬৭৫/৮৮৭ তারিখ: ০৫/০৩/২০০৪

(খ) যুব উন্নয়ন অধিদপ্তরের নিবন্ধন/স্বীকৃতির নম্বর: যুউ৭৬৮৫/৮৯৭ তারিখ: ১০/০৬/২০০৮

(গ) সংগঠনের শ্রেণী: সাধারণ

৫। কর্মক্ষেত্রের এলাকা: জেলাভিত্তিক

৬। সংগঠনের ব্যাংক একাউন্ট সম্পর্কিত তথ্যাদিঃ

Preview পেজ

৬। সংগঠনের ব্যাংক একাউন্ট সম্পর্কিত তথ্যাদিঃ

ব্যাংক একাউন্ট নম্বর: 1604210211561 ব্যাংক রাউটিং নম্বর ( সকল ডিজিটসহ ): 67855

ব্যাংকের নাম ও শাখা: ইসলামী ব্যংক, চৌগাছা শাখা

বর্তমান জমা/স্থিতি (বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের পরে সংগৃহীত ব্যাংক স্টেটমেন্ট): ৫০০০ টাকা

৭। সংগঠন কর্তৃক এ পর্যন্ত যেসব প্রকল্পসমূহ বাস্তবায়ন করা হয়েছে তার বিবরণ:

সেলাই প্রকল্প

৮। বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মধ্যে বর্তমানে যে প্রকল্পের জন্য অনুদান প্রয়োজন তার বিস্তারিত বিবরণঃ

ক। প্রকল্পের নাম: পোশাক তৈরী
খ। প্রকল্পের প্রাক্কলিত ব্যয়: ১০০০০০ টাকা
গ। প্রকল্পের প্রার্থিত অনুদানের পরিমাণ: ২৫০০০ টাকা
সংযুক্তি পরবর্তী ধাপে আপলোড করুন।

৯। প্রকল্প বাস্তবায়নাকারী কমিটির সদস্য সংখ্যা (নামের তালিকা সংযোজন করতে হবে) :

সদস্য সংখ্যা: ৯

সংযুক্ত

সংযুক্তি পরবর্তী ধাপে আপলোড করুন।

১০। যুবকল্যাণ তহবিলসহ যেসব সংস্থা হতে এ পর্যন্ত অনুদান পাওয়া গেছে উহার বিস্তারিত বিবরণ (সংস্থা ও সনওয়ারী সকল তথ্যসহ):

(ক) যুবকল্যাণ তহবিল থেকে সর্বশেষ প্রাপ্ত অনুদান:
নাই

(খ) অন্যান্য প্রতিষ্ঠাণ/সংস্থা থেকে প্রাপ্ত অনুদান:
সমাজ সেবাঃ ২০১১-২০১২ = ৩০০০০ টাকা

১১। কোন সংস্থা/প্রতিষ্ঠান হতে ঋণ/ যুবঋণ গ্রহন করা হয়েছে কিনা তার বিস্তারিত বিবরণ (সংস্থা ও সনওয়ারী সকল তথ্যসহ):

(ক) যুবঋণ:
২০১৩= ৪০০০০ টাকা

(খ) অন্যান্য সংস্থা/প্রতিষ্ঠান হতে প্রাপ্ত ঋণ:
নাই

১২। সংগঠনের সদস্য বা প্রকল্প বাস্তবায়নকারীগণ যুব উন্নয়ন অধিদপ্তর অথবা অন্য কোন প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত কিনা, হয়ে থাকলে তার বিবরণ(ট্রেড অনুযায়ী প্রশিক্ষণার্থীদের নামের তালিকাসহ):

(ক) প্রশিক্ষণপ্রাপ্ত সদস্য সংখ্যাঃ ৯

১৩। সংখ্যাগরিষ্ঠ সদস্যের মতামতের ভিত্তিতে কার্যনির্বাহী পরিষদ/কমিটি গঠিত হলে তার বিবরণ (সদস্যের স্বাক্ষর সম্বলিত সভার কার্যবিবরণীসহ) :

(ক) পরিষদ গঠিত হয়েছে কিনা ? হ্যাঁ


১৪। সভাপতি/সাধারণ সম্পাদক/নির্বাহী পরিচালকের নাম ও পদবি : শামীম আহমেদ NID নং : ১৯৭৮৬৫৪০০০০৩৪


ফরমটি এডিট করতে চাইলে এখানে ক্লিক করুন

প্রিন্ট করুণ | এডিট | পরবর্তি ধাপ


© সর্বস্বত্ব যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ২০১৮

এখানে ক্লিক করে নিচের ফাইল আপলোড পেজে যেতে হবে


ফাইল আপলোড পেজের নির্দেশনা
Home
২০১৮-২০১৯ অর্থবছরের যুবকল্যাণ তহবিল হতে যুবসংগঠন কর্তৃক অনুদান প্রাপ্তির আবেদনপত্র
ফাইল সংযুক্তির ( Upload ) নির্দেশনা
শুধুমাত্র PDF ফরমেটের ফাইল আপলোড করুন। সর্বোচ্চ ফাইল সাইজ 900KB
কোন ফাইলে একাধিক পাতা থাকলে সকল পাতা স্ক্যান করে একটি PDF ফাইল তৈরি করে আপলোড করুন।
কোন ফাইল ভুল আপলোড হলে পুনরায় আপলোড করুন। এক্ষেত্রে আগের ফাইলটি স্বয়ংক্রিয়ভাবে রিপ্লেস হয়ে যাবে।
ফাইল আপলোড শেষ হলে নিচের ( আবেদনপত্রে বর্ণিত/সংযুক্ত তথ্যাদি সঠিক ) এর বাম পাশে ক্লিক করুন, এরপর Submit বাটনটি Active হবে তখন Submit বাটনে ক্লিক করে আবেদন Submit করুন।
নিম্নোক্ত ফাইলগুলো সংযুক্তি আকারে আপলোড করুন।
⇒ সংগঠনের নিবন্ধনকৃত সনদপত্রের সত্যায়িত অনুলিপি
Choose File No file chosen
Upload File
Upload Ok...
⇒ যুব উন্নয়ন অধিদপ্তরের নিবন্ধন/স্বীকৃতিপ্রাপ্ত সনদের সত্যায়িত অনুলিপি
Choose File No file chosen
Upload File
Upload Ok...
⇒ সংগঠনের সর্বশেষ বার্ষিক আয়-ব্যয়ের বিবরণ / অডিট রিপোর্ট
Choose File No file chosen
Upload File
Not Uploaded Yet...
⇒ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের পরে সংগৃহীত ব্যাংক স্টেটমেন্টের মূল কপি
Choose File No file chosen
Upload File
Not Uploaded Yet...
এখানে ক্লিক করে ফাইল সিলেক্ট করতে হবে
এখানে ক্লিক করে ফাইল আপলোড করতে হবে
এখানে ক্লিক করে আপলোড হওয়া ফাইল দেখা যাবে





- সকল ফাইল আপলোড শেষে প্রথমে এখানে ক্লিক করে তারপর দাখিল করুন বাটনে ক্লিক করে আবেদন দাখিল করতে হবে।
- আবেদন দাখিল করার পর নিচের ছবির মতো সংগঠনের তথ্য এবং ট্র্যাকিং নং সংবলিত একটি পেজ পাওয়া যাবে। এখান থেকে ট্র্যাকিং নম্বরটি সংরক্ষন করতে হবে।



# ড্যাশবোর্ড পরিচিতিঃ

৭টি ড্যাশবোর্ডের মাধ্যমে অনুদান প্রাপ্তির আবেদনপত্র যাচাই বাছাই করে নির্বাচিত যুবসংগঠনকে অনুদান প্রদানের প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।


## এক নজরে সকল ড্যাশবোর্ড



https://moysports.gov.bd/ এই লিংকে ক্লিক করে পূর্বের ন্যায় নিচের পেজটি ওপেন করুন।



➢ এখানে ক্লিক করলে নিচের পেজটি ওপেন হবে।





এখানে 103.48.18.205/Grants/adminlog/ লিখে Enter বাটন চাপলে সকল ড্যাশবোর্ড প্রদর্শিত হবে।


## ড্যাশবোর্ড ব্যবহারের সাধারণ নির্দেশনা

- সঠিক ইউজার নেম ও পাসওয়ার্ড দিন।
- ইউজার নেম ও পাসওয়ার্ড কারো সাথে শেয়ার করবেন না।
- ইউজার নেম ও পাসওয়ার্ড না দিয়ে Login বাটনে ক্লিক করবেন না।
- ড্যাশবোর্ড থেকে বের হবার জন্য অবশ্যই Logout বাটনে ক্লিক করুন।

# উপজেলা কার্যালয়ের ড্যাশবোর্ড





উপজেলা কার্যালয়ের ড্যাশবোর্ডে লগইন করার জন্য এখানে ক্লিক করলে নিচের পেজ ওপেন হবে।




ইউজার নেম
ও
পাসওয়ার্ড দিন

এখানে ক্লিক করে লগইন করুন

লগইন করার পর উপজেলা কার্যালয়ের ড্যাশবোর্ড নিচের ছবির মতো দৃশ্যমান হবে





মোট আবেদনের সংখ্যা এখানে দেখা যাবে। সংখ্যার উপর ক্লিক করলে আবেদনপত্রের তালিকা দেখা যাবে।

লগআউট করার জন্য এখানে ক্লিক করুন


স্বাক্ষর আপডেট ও পাসওয়ার্ড পরিবর্তন করার জন্য এখানে ক্লিক করতে হবে।

# আবেদনপত্রের তালিকা




উল্লেখিত তারিখের মধ্যে আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ করতে হবে।

আবেদনপত্র যাচায়ের জন্য এখানে ক্লিক করতে হবে।





সংযুক্তি সঠিকভাবে আপলোড করা আছে কিনা এখানে ক্লিক করে দেখা যাবে। সংযুক্তি থাকলে "আছে" এবং না থাকলে "নাই" বাটনে ক্লিক করতে হবে।


সুপারিশ করা অথবা না করার জন্য এখানে ক্লিক করতে হবে।

এখানে ক্লিক করে সেভ করতে হবে।


আবেদনপত্র যাচাই শেষ হলে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ করার জন্য √ চিহ্ন দিয়ে (ফাইল তৈরী করুন) বাটনে ক্লিক করতে হবে।




এখানে ক্লিক করলে নিচের পেজ আসবে।





- এখানে ক্লিক করলে ফাইল তৈরী হবে। ( ১ অর্থবছরে একবারই ফাইল তৈরী করে প্রেরণ করা যাবে)




তৈরিকৃত ফাইল দেখতে এখানে ক্লিক করলে নিচের ছবির মতো ফাইল দেখা যাবে।

## উপজেলা নির্বাহী অফিসারের জন্য প্রস্তুতকৃত ফাইল





➢ ফাইল পাঠানোর পূর্বে মন্তব্য করার জন্য এখানে লিখতে হবে।


এখানে ক্লিক করে ফাইল উপজেলা নির্বাহী অফিসারের নিকট পাঠাতে হবে।

বিঃ দ্রঃ ইউনিট কার্যালয়ে প্রাপ্ত আবেদন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর ড্যাশবোর্ডে প্রেরণ করতে হবে। অতিরিক্ত জেলা প্রশাসক ইউনিট কার্যালয় হতে প্রাপ্ত আবেদনপত্র জেলা যুব উন্নয়ন (ডিডি) কার্যালয়ে প্রেরণ করবে।


# উপজেলা নির্বাহী অফিসারের ড্যাশবোর্ড




উপজেলা নির্বাহী অফিসারের ড্যাশবোর্ডে লগইন করার জন্য এখানে ক্লিক করলে নিচের পেজ ওপেন হবে।




➢ লগইন করার পর উপজেলা নির্বাহী অফিসারের ড্যাশবোর্ডে নিচের ছবির মতো দৃশ্যমান হবে





একইভাবে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ইউনিট কার্যালয় হতে প্রাপ্ত আবেদনপত্র জেলা যুব উন্নয়ন (ডিডি) কার্যালয়ে প্রেরণ করবে।

# জেলা কার্যালয়ের ড্যাশবোর্ড




জেলা কার্যালয় বা উপপরিচালকের ড্যাশবোর্ডে লগইন করার জন্য এখানে ক্লিক করলে নিচের পেজ ওপেন হবে।




➢ লগইন করার পর জেলা কার্যালয়ের ড্যাশবোর্ডে নিচের ছবির মতো দৃশ্যমান হবে

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে আগত ফাইল দেখতে ক্লিক

যাচাই বাছাই কমিটিতে অবস্থানরত ও কমিটি থেকে ফেরত ফাইল দেখতে ক্লিক করুন।


লগআউট করতে ক্লিক করুন





স্বাক্ষর আপডেট ও পাসওয়ার্ড পরিবর্তন করার জন্য এখানে ক্লিক করুন।

ফাইলে সংযুক্ত বিভিন্ন উপজেলার আবেদনপত্র দেখতে এখানে ক্লিক করুন।

মন্তব্য লিখুন এবং ফাইল জেলা প্রশাসকের নিকট প্রেরণ করুন।




➢ যাচাই বাছাই কমিটি থেকে ফেরত ফাইল





এখানে ক্লিক করে মিটিং রেজ্যুলেশন আপলোড করুন

মন্ত্রণালয়ে প্রেরণের জন্য ক্লিক করুন


মন্ত্রণালয়ে প্রেরণের পর



# জেলা প্রশাসকের ড্যাশবোর্ড




জেলা প্রশাসক বা জেলা যাচাই বাছাই কমিটির ড্যাশবোর্ডে লগইন করার জন্য এখানে ক্লিক করলে নিচের পেজ ওপেন হবে।




➢ লগইন করার পর জেলা প্রশাসকের ড্যাশবোর্ডে নিচের ছবির মতো দৃশ্যমান হবে

জেলা যুব উন্নয়ন কার্যালয় হতে আগত ফাইল দেখতে ক্লিক করুন।


জেলা যুব উন্নয়ন কার্যালয়ে প্রেরিত ফাইল দেখতে ক্লিক করুন।

লগআউট করতে ক্লিক করুন





স্বাক্ষর আপডেট ও পাসওয়ার্ড পরিবর্তন করার জন্য এখানে ক্লিক করুন।

ফাইলে সংযুক্ত বিভিন্ন উপজেলার আবেদনপত্র দেখতে এখানে ক্লিক করুন।




কমিটির সিদ্ধান্ত শেষে এখানে ক্লিক করে ফিরে যান এবং ফাইল জেলা যুব উন্নয়ন কার্যালয়ে প্রেরণ করুন।

কোন আবেদন বাতিল করতে চাইলে এখানে ক্লিক করলে X হয়ে যাবে।




জেলা যাচাই বাছাই কমিটির সিদ্ধান্ত মোতাবেক মন্তব্য লিখে ফাইল জেলা যুব উন্নয়ন কার্যালয়ে প্রেরণ করুন।